

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারকনং-৩৪.০১.০০০০.০২৬.৩৩.০৩৮.১৫-৯১১

তারিখ : ১৫ জ্যৈষ্ঠ, ১৪২৪  
২৭ মে, ২০১৭

বিষয় : যুবকল্যাণ তহবিল থেকে ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ অর্থবছরে অনুদানপ্রাপ্ত যুব সংগঠনের কার্যক্রম সরেজমিন পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

সূত্র : (১) স্মারকনং-৩৪.০১.০০০০.০২৬.৩৩.০৩৮.১৫-৮১৮, তারিখ : ১০/১১/২০১৬ খ্রিঃ।


সূত্র : (২) স্মারকনং-৩৪.০১.০০০০.০২৬.৩৩.০৩৮.১৫-৯১১, তারিখ : ১৯/০৩/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারকে যুব কল্যাণ তহবিল থেকে ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ অর্থবছরে অনুদানপ্রাপ্ত যুবসংগঠনের কার্যক্রম সরেজমিন পরিদর্শনপূর্বক ৩০ নভেম্বর, ২০১৬ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণের নির্দেশনা দেয়া হয়। সে প্রেক্ষিতে ২২টি জেলা কার্যালয় হতে প্রতিবেদন প্রেরণ না করায় ২ নং সূত্রের তাগিদপত্রে ২৭ মার্চ, ২০১৭ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণের নির্দেশনা দেয়া হয়। তথাপি নিম্নোক্ত ১০টি জেলা কার্যালয় হতে প্রতিবেদন পাওয়া যায়নি :

'নেত্রকোণা, চট্টগ্রাম, ফেনী, বগুড়া, গাইবান্ধা, বাগেরহাট, মেহেরপুর, বরিশাল, পটুয়াখালী ও বরগুনা'।

০২। এমতাবস্থায়, প্রতিবেদন না প্রেরণের কারণ ব্যাখ্যাসহ আগামী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে নির্ধারিত ছকে (উপ-পরিচালকের সীল স্বাক্ষরসহ) প্রতিবেদন প্রেরণের জন্য পুনরায় তাগিদ প্রদান করা হলো।

অতি জরুরী।

  
(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোন : ০২-৯৫৫৯৩৮৯

E-mail:dg@dyd.gov.bd

প্রাপক :

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, নেত্রকোণা/চট্টগ্রাম/ফেনী/বগুড়া/গাইবান্ধা/বাগেরহাট/মেহেরপুর/বরিশাল/পটুয়াখালী/বরগুনা।

অনুলিপি :

০১। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০২। অফিস কপি।